

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৩৪. তারাবীহ ও তাহাজ্জুদের ফযীলত জানতে চাই।

রাসূল (সা.) বলেছেন, "যে ব্যক্তি ঈমান অবস্থায় সাওয়াবের আশায় রাতে তারাবীহ ও তাহাজ্জুদ আদায় করবে, আল্লাহ তাঁর পূর্ববর্তী (সগীরা) গুনাহগুলো মাফ করে দেবেন।" (বুখারী: ৩৭, মুসলিম: ৭৫৯)

সমান অবস্থায় অর্থ হলো, এমন বিশ্বাস স্থাপন করা যে, আল্লাহ তাকে এ কাজের বদলা দিবেন এবং সাওয়াবের আশায় অর্থ হলো, এমনভাবে সাওয়াব আশা করবে যে, রাতের এ সালাত আদায় কোন মানুষকে দেখানোর বা শুনার জন্য নয় বরং শুধুমাত্র আল্লাহকে খুশি করার জন্য এবং তা শুধুমাত্র আল্লাহরই কাছ থেকে পুরস্কার লাভের আশায়। অন্য হাদীসে রাসূল (সা.) বলেছেন, ফরয সালাতের পর সর্বোত্তম সালাত হলো রাতের সালাত (অর্থাৎ তাহাজ্জুদের সালাত)। (মুসলিম: ১১৬৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15219

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন